

Meeting of Prime Minister with the Prime Minister of Canada on the sidelines of G7 Summit

June 28, 2022

জি৭ শিখর সম্মেলনের ফাঁকে কানাডার প্রধানমন্ত্রীর সঙ্গে প্রধানমন্ত্রীর সাক্ষাৎ

জুন 27, 2022

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী জার্মানীর ফ্লস এলমাউতে জি-৭ শীর্ষ সম্মেলনের ফাঁকে ২০২২-এর ২৭ জুন কানাডার প্রধানমন্ত্রী সম্মানীয় শ্রী জাস্টিন ট্রুডো-র সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেন।

২.একই মূল্যবোধে বিশ্বাসী দুই বলিষ্ঠ গণতন্ত্রের দুই শীর্ষ নেতার মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক সহ নানান বিষয়ে সফল আলোচনা হয়। বাণিজ্য, অর্থনৈতিক সহযোগিতা, নিরাপত্তা সহযোগিতা ও সন্ত্রাস মোকাবিলা এবং মানুষে মানুষে সহযোগিতার মতো বিষয়গুলিতে দ্বিপাক্ষিক সম্পর্ক আরও এগিয়ে নিয়ে যেতে সম্মত হয়েছে দুই দেশ।

৩.উভয় নেতা পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিষয়েও মতবিনিময় করেন।

গ্লোস এলমাউ

জুন 27, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.